আজকের কাগজ

তারিখ 03 APR 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

৭৭

# শিক্ষক সমিতির ৯ দফা দাবি মেনে নেয়ার আহবান

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি সুরুজ্জামান ও মহাসম্পাদক আবদুল আওয়াল তালুকদারি প্রাথমিক শিক্ষক নিয়োগবিধি পরিবর্তনসহ শিক্ষক সমিতির ঘোষিত ৯ দফা দাবি অবিলম্বে মেনে নেয়ার জন্যে সরকারের প্রতি আহবান জানিয়েছেন। তারা বলেন, আমাদের দেশের অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের শিশু শিক্ষা সংক্রান্ত ব্যাপক গভীরতর জ্ঞানের অভাবই হচ্ছে শিক্ষার গুণগত মানের অবনতির প্রধান কারণ।

নেতারা বলেন, মেধাবী, উচ্চ শিক্ষিত মনোবিজ্ঞানের জ্ঞানসম্পন্ন শিক্ষক ছাড়া শিক্ষার গুণগত মান উন্নয়ন কোনো দিনও সম্ভব নয়। শিক্ষিত জাতি হিসেবে দাঁড়াতে হলে শিক্ষার মান উন্নয়ন অপরিহার্য। খবর বিজ্ঞপ্তি।